গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মেরিন ফিশারিজ একাডেমি
প্রশাসন শাখা
মৎস্য বন্দর, চট্টগ্রাম
www.mfacademy.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০৭.০০০০.০০০.০০১.৪৬.০০০১.১৭.১৬৯

তারিখ: ২৪ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
০৮ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **'সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS)'-এর সেকশন-৩ প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: প্রশাসন-১ শাখার স্মারক নং -৩৩.০০.০০০০.০০০.১৪৬.১৬.০০০৭.২৫.১০৮, তারিখ ০৬ জুলাই ২০২৬।

উপর্যুক্ত বিষয় সূত্রের প্রেক্ষিতে 'সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS)'-এর প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৬-২০২৭ অনুসরণপূর্বক অত্র একাডেমির কৌশলগত প্রতিবেদন সেকশন-৩ প্রস্তুতকরতঃ পরবর্তী কার্যক্রমের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংলগ্নী:
১। সেকশন-৩।

০৮-০৭-২০২৬
ক্যাপ্টেন ফাইজ উদ্দিন আহমেদ, (এন),
বিসিজিএম, পিএসসি, বিএন
অধ্যক্ষ

সচিব
সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৩৩.০৭.০০০০.০০০.০০১.৪৬.০০০১.১৭.১৬৯/১ (১)

তারিখ: ২৪ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
০৮ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি:
উপসচিব, প্রশাসন-১ শাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

## মেরিন ফিশারিজ একাডেমি
## সেকশন-৩

### ১. ভূমিকা

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মেরিন ফিশারিজ একাডেমি দেশের সামুদ্রিক মৎস্য খাত ও বৈশ্বিক মার্চেন্ট শিপিং শিল্পের জন্য আন্তর্জাতিক মানের দক্ষ মেরিটাইম মানবসম্পদ (ক্যাডেট) তৈরির একমাত্র সরকারি উচ্চশিক্ষা প্রতিষ্ঠান। এটি দেশের ব্লু-ইকোনমি বাস্তবায়ন এবং রেমিট্যান্স অর্জনে কৌশলগত ভূমিকা পালন করে।

### ২. ভিশন ও মিশন

আন্তর্জাতিক মেরিটাইম মানদন্ড অনুযায়ী আধুনিক শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ ও দূরদর্শী সামুদ্রিক মৎস্য ও মেরিটাইম কর্মকর্তা তৈরি করা। ৩ বছর মেয়াদি লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রতি বছর প্রি-সী প্রশিক্ষণ ও বেসিক সেফটি কোর্স প্রদান, বিএমইউ-এর অধীনে স্নাতক ডিগ্রি নিশ্চিতকরণ এবং ডিজিটাল সেবার মাধ্যমে প্রাতিষ্ঠানিক সক্ষমতা নিশ্চিত করা।

| ক্রঃ | পরিকল্পনা | কার্যক্রমের লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ১ম বছর (২০২৬-২৭) | ২য় বছর (২০২৭-২৮) | ৩য় বছর (২০২৮-২৯) |
| ১ | মেরিটাইম সেক্টরে দক্ষ জনবল প্রশিক্ষণ প্রদান | ১০০ জন প্রার্থীকে ২ (দুই) বছর মেয়াদি প্রি-সী প্রশিক্ষণ কোর্সে অন্তর্ভুক্তকরণ ও প্রশিক্ষণ প্রদান। | ৬৫ জন প্রার্থীকে ২ (দুই) বছর মেয়াদি প্রি-সী প্রশিক্ষণ কোর্সে অন্তর্ভুক্তকরণ ও প্রশিক্ষণ প্রদান। | ৬৫ জন প্রার্থীকে ২ (দুই) বছর মেয়াদি প্রি-সী প্রশিক্ষণ কোর্সে অন্তর্ভুক্তকরণ ও প্রশিক্ষণ প্রদান। |
| ২ | স্নাতক ডিগ্রী প্রদান | ২৫ জন প্রার্থীকে বাংলাদেশ মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক ডিগ্রী প্রদান। | ২৫ জন প্রার্থীকে বাংলাদেশ মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক ডিগ্রী প্রদান। | ২৫ জন প্রার্থীকে বাংলাদেশ মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক ডিগ্রী প্রদান। |
| ৩ | মেরিটাইম সেক্টরের নিরাপত্তা বিষয়ে দক্ষতা বৃদ্ধি | ৬০ জন প্রার্থীর STCW Convention & IMO Model Course অনুযায়ী ০৬ টি বেসিক সেইফটি কোর্সে প্রশিক্ষণ প্রদান। | ৬০ জন প্রার্থীর STCW Convention & IMO Model Course অনুযায়ী ০৬ টি বেসিক সেইফটি কোর্সে প্রশিক্ষণ প্রদান। | ৬০ জন প্রার্থীর STCW Convention & IMO Model Course অনুযায়ী ০৬ টি বেসিক সেইফটি কোর্সে প্রশিক্ষণ প্রদান। |

### ৩. কৌশলগত উদ্দেশ্য

(ক) IMO, STCW এবং ইউরোপীয় ইউনিয়নের আন্তর্জাতিক নৌ-মানদণ্ড পুরোপুরি অর্জন করা।
(খ) ৩ বছর মেয়াদি কর্মপরিকল্পনার সঠিক বাস্তবায়নের মাধ্যমে ক্যাডেটদের বৈশ্বিক কর্মসংস্থান বৃদ্ধি।
(গ) ডিজিটাল ও স্বয়ংক্রিয় সেবার মাধ্যমে সনদ যাচাই, ফলাফল প্রকাশ এবং নাগরিক সেবা দ্রুততর করা।
(ঘ) আন্তর্জাতিক মেরিটাইম শিক্ষা প্রতিষ্ঠানের সাথে মিল রেখে একাডেমির প্রশিক্ষণ কার্যক্রমের মানোন্নয়ন করা।

## ৪. প্রধান কার্যক্রম ও অর্জন

**ক্যাডেট ও সেফটি প্রশিক্ষণ [সেকশন-১]:** ৩ বছর মেয়াদি পরিকল্পনা অনুযায়ী ১ম বছর ১০০ জন এবং পরবর্তী দুই বছর ৬৫ জন করে প্রার্থীকে প্রি-সী কোর্সে প্রশিক্ষণ প্রদান। পাশাপাশি প্রতি বছর ৬০ জন প্রার্থীকে আন্তর্জাতিক STCW কনভেনশন অনুযায়ী বেসিক সেফটি কোর্স ও সনদ প্রদান।

**স্নাতক ডিগ্রী প্রদান:** বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটির অধীনে প্রতি বছর নিয়মিতভাবে ২৫ জন ক্যাডেটকে স্নাতক (অনার্স) ডিগ্রি প্রদান ও সময়াবদ্ধভাবে ফলাফল প্রকাশ।

**ডিজিটাল নাগরিক সেবা [সেকশন-২]:** অনলাইনে ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ, প্রি-সী ট্রেনিং সনদ ও প্রশংসাপত্র প্রদান, দ্রুততম সময়ে ক্যাডেটদের মূল সনদ যাচাইকরণ এবং অভিযোগ প্রতিকার নিশ্চিতকরণ।

**নীতি সংস্কার ও সক্ষমতা বৃদ্ধি:** যুগোপযোগী নিয়োগ বিধিমালা প্রণয়ন, ক্যাডেট প্রশিক্ষণ নির্দেশনা আধুনিকায়ন এবং কর্মচারীদের পেশাগত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান।

## ৫. SWOT বিশ্লেষণ

**শক্তি:** IMO ও STCW অনুমোদিত আন্তর্জাতিক কারিকুলামে পাঠদান, অত্যাধুনিক মেরিন ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ, ফায়ার ফাইটিং সিমুলেটর এবং দেশের একমাত্র মেরিন ফিশারিজ মিউজিয়াম এর উপস্থিতি। এছাড়া, আধুনিক নেভিগেশন ও ইঞ্জিন রুম সিমুলেটরের স্থাপনের উদ্যোগ।
**দুর্বলতা:** ক্যাডেটদের গভীর সমুদ্রে বাস্তব প্রশিক্ষণের জন্য নিজস্ব 'ট্রেনিং ভেসেল' বা শিক্ষানবিস জাহাজের অপ্রতুলতা।
**সুযোগ:** বৈশ্বিক মার্চেন্ট শিপিং সেক্টরে দক্ষ মানবসম্পদের ক্রমবর্ধমান চাহিদা এবং বঙ্গোপসাগরের সুনীল অর্থনীতির বিশাল সম্ভাবনা।
**হুমকি:** প্রতিযোগী দেশগুলোর দক্ষ ক্যাডেটদের সাথে আন্তর্জাতিক বাজারে তীব্র প্রতিযোগিতা।

## ৬. কর্মসম্পাদন সূচক, চ্যালেঞ্জ ও সুপারিশ

**সূচক:** বার্ষিক প্রি-সী ক্যাডেট পাসের হার, স্নাতক ডিগ্রি অর্জনকারী ও সেফটি কোর্স সম্পন্নকারীর সংখ্যা এবং ডিজিটাল সেবা প্রদানের সময়সীমা।
**চ্যালেঞ্জ:** আন্তর্জাতিক শিপিং লাইনে ক্যাডেটদের অন-বোর্ড সি-টাইম নিশ্চিত করা এবং বিদেশগামী বাণিজ্যিক জাহাজে যোগদানের ক্ষেত্রে ক্যাডেটদের ভিসা জটিলতা দূর করা।
**সুপারিশ:** দেশী এবং বিদেশী সরকারি-বেসরকারি শিপিং কোম্পানি এবং বাণিজ্যিক মৎস্য শিল্পের সাথে যোগাযোগ বৃদ্ধির মাধ্যমে ক্যাডেটদের অন-বোর্ড প্রশিক্ষণ ও কর্মসংস্থানের সুযোগ সম্প্রসারণ করা।

## ৭. উপসংহার

মেরিন ফিশারিজ একাডেমি সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা, আধুনিক সিমুলেটর-নির্ভর প্রশিক্ষণ এবং নীতি সংস্কারের মাধ্যমে দক্ষ নৌ-মানবসম্পদ তৈরিতে বদ্ধপরিকর, যা ভবিষ্যৎ বাংলাদেশ গঠন ও ব্লু-ইকোনমি বাস্তবায়নে প্রধান চালিকাশক্তি হিসেবে কাজ করবে।

ক্যাপ্টেন ফাইজ উদ্দিন আহমেদ
(এন), বিএসএম, পিএসসি, বিএন
অধ্যক্ষ
মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম